

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা সভা (জানুয়ারি-মার্চ ২০২৫), গাইবান্ধা জেলা -এর কার্যবিবরণী

সভাপতি	: জনাব নিতাই চন্দ্র দে সরকার, প্রকল্প সমন্বয়ক ও পরিচালক (এমআইএম, চ.দা.), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রধান অতিথি	: জনাব চৌধুরী মোয়াজ্জম আহমদ, জেলা প্রশাসক, গাইবান্ধা
বিশেষ অতিথি	: শারমিন আখতার, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাইবান্ধা
তারিখ	: ৩০-০৪-২০২৫ খ্রি.
সময়	: দুপুর ০১.০০ – বিকাল ৫:০০ টা
স্থান	: সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা

উপস্থিতি: তালিকা সংযুক্ত।

সভাপতি মহোদয় সূচনা বক্তব্যের মাধ্যমে সভা শুরু করেন। এসময় তিনি প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্টের সংক্ষিপ্ত পরিচিতি, লক্ষ্য ও উদ্দেশ্য এবং মূল কার্যক্রমসমূহ সংক্ষেপে তুলে ধরেন।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:


ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/ সুপারিশ	বাস্তবায়নকারী
০১।	প্রকল্পের সার্বিক অগ্রগতি	প্রকল্পের ক্রমপুঞ্জিভূত অগ্রগতি, বিগত ত্রৈমাসিকের অগ্রগতি ও গাইবান্ধা জেলার অগ্রগতি উপস্থাপন করা হয়।	কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে।	টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার
০২।	ভয়েস মেসেজে ব্যবহৃত পানির উচ্চতা নির্দেশক একক	ভয়েস মেসেজে পানির উচ্চতা মিটার/সেন্টিমিটার এককে প্রদানের পরিবর্তে স্থানীয় জনগণের বোঝার সুবিধার্থে ইঞ্চি/ফুট এককে দেয়ার বিষয়ে প্রস্তাব করা হয়।	ভয়েস মেসেজে প্রদত্ত পানির উচ্চতা স্থানীয়ভাবে বোধগম্য এককে (যেমন: ইঞ্চি বা ফুট) রূপান্তর করে জনগণের নিকট পৌঁছে দেয়ার দায়িত্বটি স্থানীয় স্বেচ্ছাসেবকগণ পালন করবেন।	ফিল্ড ফ্যাসিলিটের ও স্থানীয় স্বেচ্ছাসেবকগণ
০৩।	স্বেচ্ছাসেবকদের প্রয়োজনীয় সরঞ্জাম প্রদান	সদর উপজেলার উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা স্বেচ্ছাসেবকদের জন্য প্রয়োজনীয় নিরাপত্তা সরঞ্জামাদি সরবরাহের প্রয়োজনীয়তার বিষয়টি তুলে ধরেন। প্রকল্প থেকে স্বেচ্ছাসেবকদের ভেস্ট দেয়া হবে। অন্যান্য নিরাপত্তা সরঞ্জাম প্রদানের বিষয়টি বিবেচনা করা হচ্ছে। স্বেচ্ছাসেবকদের তথ্যপ্রাপ্তি ও জরুরী অবস্থায় কার্যকর যোগাযোগ নিশ্চিত করতে তাদের মোবাইল ফোন প্রদানের সুযোগ রয়েছে কিনা তা জানতে চাওয়া হয়। প্রকল্প সমন্বয়ক বলেন, এই প্রকল্পে স্বেচ্ছাসেবকদের মোবাইল ফোন দেয়ার সংস্থান নেই তবে গেজ রিডারদের মোবাইল ফোন প্রদান করা হবে।	প্রভাতী প্রকল্প থেকে সম্ভব না হলে উন্নয়ন সহযোগীদের সংশ্লিষ্ট অন্য কোনো প্রকল্প থেকে অন্যান্য নিরাপত্তা সরঞ্জাম সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রোগ্রাম ম্যানেজার ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/ সুপারিশ	বাস্তবায়নকারী
		স্বেচ্ছাসেবকের প্রশিক্ষণ ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জামাদি প্রদান করা হবে।		
০৪।	বিভিন্ন প্রকল্পের বন্যা পূর্বাভাস তথ্য ও কর্মকাণ্ডের সমন্বয়করণ	বন্যা পূর্বাভাসের জন্য প্রকল্পভেদে ভিন্ন ভিন্ন ডাটা বা মডেল ব্যবহার করা হয়, যেকারণে পূর্বাভাসের সময় ও ফলাফলে পার্থক্য দেখা দেয়, যা Forecast-based Financing (FbF) বাস্তবায়নে জটিলতা সৃষ্টি করে। প্রকল্প সমন্বয়ক বলেন, অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নীয় বিভিন্ন প্রকল্পের সাথে জাতীয় পর্যায়ে সমন্বয় সাধন ও স্থানীয় পর্যায়ে বাস্তবায়নে সহায়তা করছে (যেমন- সুফল)। এছাড়া বন্যা প্রস্তুতি কর্মসূচি গড়ে তুলতে পারলে স্থানীয় পর্যায়ে স্বেচ্ছাসেবা কার্যক্রম স্থায়ীরূপে লাভ করবে।	ক) বিভিন্ন সংস্থা কর্তৃক বাস্তবায়নীয় প্রকল্প সমূহের সাথে সমন্বয় সাধন করে জটিলতা নিরসনের উদ্যোগ গ্রহণ করতে হবে। খ) বন্যা স্বেচ্ছাসেবকদের কার্যক্রম সমন্বয় ও স্থায়ী রূপ দেওয়ার লক্ষ্যে বন্যা প্রস্তুতি কর্মসূচি (এফপিপি) গ্রহণ করতে হবে।	প্রভাতী প্রকল্প- ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
০৫।	প্রকৃত বন্যাক্রান্ত পরিবার বা এলাকা শনাক্তকরণ	বন্যাক্রান্ত এলাকার কাছাকাছি অবস্থিত কিন্তু প্রকৃতপক্ষে বন্যাক্রান্ত নয় এমন এলাকায় অনেক সময় ভুলক্রমে ত্রাণ সহায়তা প্রদান করা হয় বা এসব এলাকা থেকে সহায়তার জন্য আবেদন করা হয়, যা প্রকৃত বন্যাক্রান্ত ব্যক্তি শনাক্তকরণে জটিলতা সৃষ্টি করে। প্রভাতী প্রকল্প থেকে প্রাপ্ত প্লাবন মানচিত্র প্রকৃতপক্ষে প্লাবিত এলাকা শনাক্ত ও যাচাই-বাছাই করতে সহায়তা করবে। এছাড়াও পরিকল্পনাধীন Anticipatory Action প্রকল্পে এই বিষয়গুলো বিবেচনা করা হবে।	বন্যাক্রান্ত ব্যক্তির তথ্য যাচাই ও শনাক্ত করতে প্রভাতী প্রকল্পের প্লাবন মানচিত্র ব্যবহারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রভাতী প্রকল্প- ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
০৬।	কিয়স্ক ড্যাশবোর্ডের জন্য বিকল্প বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা	সাঘাটা উপজেলার উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানতে চান, কিয়স্ক ড্যাশবোর্ডের জন্য নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণে কোনো বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করার পরিকল্পনা রয়েছে কি না। কিয়স্ক ড্যাশবোর্ডগুলোর জন্য বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা হিসেবে ইউপিএস বা সোলার প্যানেল স্থাপন করার বিষয়টি IFAD ও LGED'র সাথে আলোচনা করা হবে। পাশাপাশি, অনেক উপজেলা পরিষদে সোলার প্যানেল রয়েছে, যেগুলোর সাথে কিয়স্ক ড্যাশবোর্ডকে সংযুক্ত করা যেতে পারে।	কিয়স্ক ড্যাশবোর্ডসমূহে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	আইসিটি স্পেশালিস্ট
০৭।	ইউনিয়ন পর্যায়ে কিয়স্ক ড্যাশবোর্ড স্থাপনের সম্ভাব্যতা	বন্যা পূর্বাভাস ও সতর্কবার্তা প্রচারে অধিক বন্যা-প্রবণ ইউনিয়নগুলোতে কিয়স্ক ড্যাশবোর্ড স্থাপনের বিষয়টি বিবেচনার জন্য সভায় অনুরোধ করা হয়। বর্তমানে প্রকল্পে এজন্য কোনো সংস্থান নেই। প্রকল্পের পরবর্তী কোনো ফেজ এলে অথবা অন্য কোনো প্রকল্প থেকে ইউনিয়ন পর্যায়ে ড্যাশবোর্ড স্থাপনের বিষয়টি বিবেচনা করা হবে। তবে প্রকল্প থেকে জেলা পর্যায়ে কিয়স্ক ড্যাশবোর্ড স্থাপনের প্রচেষ্টা চালানো হচ্ছে।	ইউনিয়ন পর্যায়ে কিয়স্ক ড্যাশবোর্ড স্থাপনে প্রকল্পের দ্বিতীয় ফেজে সংস্থান রাখতে হবে।	LGED ও DDM
০৮।	আগাম সতর্কবার্তা প্রেরণে ভয়েস	গোবিন্দগঞ্জ উপজেলার উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানতে চান, যেসব ব্যক্তির মোবাইল ফোন বা স্মার্টফোন নেই অথবা দুর্গম চরাঞ্চলে বসবাসের কারণে	প্রকল্প এলাকায় ও নেটওয়ার্কের আওতাধীন এলাকায় ভয়েস মেসেজের পাশাপাশি কমিউনিটি	টিম লীডার ও প্রোগ্রাম ম্যানেজার

১

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/ সুপারিশ	বাস্তবায়নকারী
*	মেসেজের বিকল্প	মোবাইলের নেটওয়ার্ক প্রাপ্তিতে সমস্যার সম্মুখীন হন, তাদের জন্য আগাম সতর্কবার্তা প্রেরণে ভয়েস মেসেজের পাশাপাশি কোনো বিকল্প ব্যবস্থা আছে কিনা। প্রকল্প সমন্বয়ক জানান, গোবিন্দগঞ্জ উপজেলা প্রভাতী প্রকল্পের অন্তর্ভুক্ত না হওয়ায় এমুহূর্তে সেখানে ভয়েস বার্তা পাঠানো হচ্ছে না। তবে, ওই উপজেলার সংশ্লিষ্ট অন্যান্য প্রকল্পসমূহ এবিষয়ে কার্যক্রম গ্রহণ করতে পারে। এছাড়াও কমিউনিটি রেডিওর মাধ্যমে বন্যার আগাম সতর্কবার্তা প্রচারের বিষয়টি বিবেচনা করা হবে।	রেডিও এর মাধ্যমে আগাম সতর্কবার্তা পৌছে দেওয়ার ব্যবস্থা করতে হবে।	
০৯।	বন্যা পূর্বাভাস আরও সহজবোধ্য করা ও এ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি	পানি সমতল বৃদ্ধি পেলেই তা সবসময় বন্যা পরিস্থিতি সৃষ্টি করে না। কিন্তু অনেকেই এসম্পর্কে সঠিকভাবে অবগত না হওয়ায় বন্যা হবে ভেবে ভুল বা অপ্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করেন। প্রকল্প সমন্বয়ক বলেন, এই প্রকল্পের মাধ্যমে বন্যা পূর্বাভাসকে আরও সুনির্দিষ্ট করা ও করণীয় সম্পর্কে সচেতনতা সৃষ্টিতে কাজ করা হচ্ছে।	প্রকল্পের মাধ্যমে প্রদত্ত প্লাবন পূর্বাভাস পর্যালোচনা করে করণীয় সম্পর্কে সচেতনতা তৈরীতে কাজ করতে হবে।	টিম লীডার ও প্রোগ্রাম ম্যানেজার
১০।	বন্যাক্রান্ত চর এলাকার তথ্য প্রাপ্তি	পাউবোর প্রতিনিধি বলেন, গাইবান্ধা জেলার নদীগুলোতে পলির পরিমাণ বেশি হওয়ায় প্রতিনিয়ত নতুন নতুন চর সৃষ্টি হয়। দুর্গম চর থেকে দুর্যোগের তথ্য পাওয়া একটি চ্যালেঞ্জ। চরাঞ্চল থেকে বন্যাক্রান্ত ব্যক্তি বা এলাকার তথ্য যত দূর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের নিকট পৌছবে, দুর্যোগ মোকাবেলায় তত বেশি ত্বরিত ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হবে।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের সহায়তায় প্রয়োজনীয় সমন্বয় ও কার্যপ্রণালী নির্ধারণের মাধ্যমে চরাঞ্চলের তথ্য নিয়মিত ও তাৎক্ষণিকভাবে সংগ্রহ ও প্রেরণের জন্য একটি ব্যবস্থা গড়ে তুলতে হবে।	টিম লীডার ও প্রোগ্রাম ম্যানেজার
১১।	বিবিধ	প্রধান অতিথি হিসেবে উপস্থিত জেলা প্রশাসক বলেন, যেকোনো প্রকল্প পরিকল্পনা ও বাস্তবায়নে স্থানীয় থেকে জাতীয় পর্যায়ে অর্থাৎ নিম্ন থেকে উচ্চ স্তরে (বটম-আপ অ্যাপ্রোচ) কাজ করা উত্তম। বাংলাদেশে দুর্যোগ মোকাবেলায় আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকে আরও কার্যকরভাবে ব্যবহার করতে হবে। এতে দুর্যোগের পূর্বাভাস প্রদান ও আগাম সতর্কবার্তা প্রচার ব্যবস্থা আরও ফলপ্রসূ হবে। প্রকল্প সমন্বয়ক উল্লেখ করেন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর দু. ব্য. অধিদপ্তরের সহযোগী সংস্থা হিসেবে কাজ করায় মেয়াদ শেষ হওয়ার পরও এই প্রকল্পের সেবাগুলো অব্যাহত থাকবে, যেটি প্রকল্পের এক্সিট প্ল্যানের একটি অংশ।		

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(নিতাই চন্দ্র দে সরকার)

প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

ও

পরিচালক (এমআইএম- চ.দা.)

তারিখ: ২১-০৫-২০২৫ খ্রিঃ


স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪.৭৮ (ক)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, গাইবান্ধা।

২। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।

- ৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাইবান্ধা।
- ৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, গাইবান্ধা।
- ৭। উপপরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, গাইবান্ধা।
- ৮। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার (সদর/ফুলছড়ি/সাঘাটা/সুন্দরগঞ্জ/সাদুল্লাপুর), গাইবান্ধা।
- ১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সদর/ফুলছড়ি/সাঘাটা/সুন্দরগঞ্জ/সাদুল্লাপুর), গাইবান্ধা।
- ১১। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
- ১২। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৩। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৪। জিআইএস স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৫। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৬। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৭। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৮। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৯। ফিল্ড ফ্যাসিলিটের, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ গাইবান্ধা, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ২০। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২১। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ২২। অফিস কপি/গার্ড ফাইল।


 (মোহাম্মদ হাফিজুর রহমান)
 উপ-প্রকল্প সমন্বয়ক

ও
 সহকারি পরিচালক (জিআইএস/আরএম)
 প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট